# জ্বালানি সংকট মোকাবিলায় বিকল্প উৎস খোঁজার আহ্বান জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার প্রেক্ষাপটে দেশের জ্বালানি পরিস্থিতি সামাল দিতে বিকল্প জ্বালানি উৎস অনুসন্ধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

শনিবার (৭ মার্চ) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ কথা বলেন।

পোস্টে তিনি উল্লেখ করেন, সাম্প্রতিক বৈশ্বিক অস্থিরতার প্রভাবে দেশের জ্বালানি সংকট আরও প্রকট হয়ে উঠছে। একই অবস্থা দীর্ঘস্থায়ী হলে সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে। এ পরিস্থিতি মোকাবিলায় সরকারকে দ্রুত বিকল্প জ্বালানি উৎস খুঁজে বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণের পরামর্শ দেন তিনি।

এ ছাড়া সংকটকালীন সময়ে অসাধু সিন্ডিকেটের দৌরাত্ম্য ঠেকাতে কঠোর ব্যবস্থা নেওয়ার তাগিদ দেন বিরোধীদলীয় এই নেতা। একই সঙ্গে দেশের কোথাও যেন জ্বালানি পাচার না হয়, তা নিশ্চিত করতে শক্ত নিরাপত্তা ব্যবস্থার ওপর জোর দেন তিনি।

LENS ASIA